

জীবনের ৬টি বাস্তবতা যত কঠোরই হোক আপনাকে মানতেই হবে

Six Reality of Life

ডেস্ক রিপোর্ট : আমাদের সময়.কম : ২০/০৮/২০১৪

বাস্তবতা এমন একটি জিনিস যা আমাদের চোখের সামনে থাকলেও আমরা না দেখার ভান করেই চলি। কারণ বাস্তবতা অনেক কঠিন একটি জিনিস। আমরা অনেকেই মনে করে থাকি এই কঠিন জিনিসটি থেকে যতোটা দূরে থাকা যায় ততোটাই আমাদের জন্য ভালো। কিন্তু আসলেই কি তাই? অবশ্যই নয়। বাস্তবতা এবং সত্য যতো দ্রুত আমরা মেনে নিতে পারবো ততোই আমাদের জীবনের সমস্যা একে একে দূরে যেতে থাকবে। মেনে নিতে শেখাটা যতো দেরিতে হবে ততোই জীবনে দুঃখ বাড়তে থাকবে। বাস্তবতা তাই না দেখার ভান না করে এর মুখোমুখি হওয়াই ভালো। এতে করে নিজেকে তৈরি করে নিতে পারবেন জীবনের জন্য।

১)পৃথিবীতে আপনিই একমাত্র দুঃখী ব্যক্তি ননঃ

নিজের দুঃখটা সকলেই প্রথমে এসে পড়ে। এটা জানা কথা। কিন্তু তাই বলে আপনিই যে পৃথিবীর একমাত্র দুঃখী ব্যক্তি তা কিন্তু নন। আপনি যা নিয়েও সুখী নন সেটুকুর জন্য অনেকে আরও বেশি দুঃখে আছেন এমন ব্যক্তির সংখ্যাই পৃথিবীতে বেশি। যখন আপনি নিজেকে সামনে এগিয়ে নিতে চাইবেন তখন আপনি নিজের থেকে বড় অবস্থানের দিকে তাকাবেন, কিন্তু আপনি যখন নিজেকে দুঃখী এবং ছোট মনে করছেন তখন নিজের চাইতে নিচের অবস্থানের মানুষটিকে দেখুন। দেখবেন আপনি অনেকের চাইতে অনেক বেশীই ভালো আছেন।

২)আপনি যা চান তার সব কিছু সহজেই পাওয়া সম্ভব নয়

আপনি যা চান তা আপনি চাইলেই হাতের মুঠোয় চলে আসবে না কখনোই। এবং আপনি যতোটা সহজে পেতে পারবেন বলে ভাবছেন তা আপনি ততো সহজে পাবেন না কোনোভাবেই। আপনি হয়তো ভাবছেন সহজেই কাজটি করে আপনার স্বপ্ন পূরণ করে নেবেন। কিন্তু যখন আপনি কাজটি করতে যাবেন তখন বুঝবেন কতোটা কঠিন জীবনে সফলতা আনা। এবং হাল ছেড়ে দেয়া তো একেবারেই সম্ভব নয়। হাল ছেড়ে দিলে জীবনেও সফলতার মুখ দেখবেন না।

৩)বাহ্যিক সৌন্দর্যই সব কিছু নয়

যারা নিজের বাহ্যিক সৌন্দর্য নিয়ে অনেক বেশি গর্বিত এবং যারা সব সময় বাইরের চাকচিক্যকে প্রাধান্য দিয়ে অভ্যস্ত তাদের বুঝে নেয়া উচিত বাহ্যিক সৌন্দর্যই সব কিছু নয়। কারণ এই বাহ্যিক সৌন্দর্য কিছুদিনের মধ্যেই মলিন হয়ে যাবে। যা চিরকাল থাকবে তা হলো ভেতরের সৌন্দর্য।

৪)আপনি যাই করুন না কেন আপনাকে সমালোচনার মুখে পরতেই হবে

আপনি যাই করুন না কেন আপনার কাজের মধ্য থেকে খুঁত বের করা হবেই। একেকজনের অভিমত একেক ধরণের হয়ে থাকে। আপনি একজনের কথা শুনে নিজেকে পরিবর্তিত করে নিলেন, কিন্তু দেখবেন আপনার পরিবর্তিত রূপটিই অন্য একজনের কাছে অপছন্দের। সুতরাং আপনি যাই করুন না কেন আপনাকে কথা শুনতেই হবে। তাই শোনা কথা কান দিলে জীবনে উন্নতি করতে পারবেন না।

৫)কাউকে অন্ধভাবে বিশ্বাস করে বসতে নেই

কাউকে বিশ্বাস না করতে পারলে আপনি জীবনে কখনোই শান্তি পাবেন না। সব সময় অস্বস্তির মধ্যে জীবন যাপন করতে হবে। কিন্তু আবার আপনি যদি একেবারে অন্ধভাবে বিশ্বাস করে বসে থাকেন তাহলেও কিন্তু আপনাকে ঠকতে হবে। তাই মানুষকে বিশ্বাস করুন তবে একেবারে অন্ধভাবে নয়। কিছুটা সন্দেহ নিজের মধ্যেই রেখে দিন।

৬)আপনার জীবনে সব সময় সুখ থাকবে না

জীবনের সব চাইতে বড় বাস্তবতা হচ্ছে আপনি সব সময় সুখে থাকতে পারবেন না। আমরা যতোই সারাজীবন সুখের পিছনে ছুটে থাকি না কেন, সুখ কিন্তু সারা জীবনই আমাদের হাতে ধরা দেবে না। কারণ জীবনটা সুখ দুঃখ মিলিয়েই তৈরি। আবার আপনি যদি নিজেকে সব সময় দুঃখী ভাবতে থাকেন তাহলেও আপনি সুখ পাবেন না।